

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
প্রশাসন শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ শেখ  
হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪০.০৬.০৯৩.১৮-৮৫৯

তারিখ: ১ ভাদ্র ১৪২৫

১৬ আগস্ট ২০১৮

বিষয়: এম.পি.ও ভুক্তির শর্ত পূরণকৃত শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা প্রস্তুতের নিমিত্তে **Online application** ফরম চূড়ান্তকরণের জন্য গঠিত টেকনিক্যাল কমিটির গত ০৮ আগস্ট তারিখে অনুষ্ঠিত সভায় আলোচনার প্রেক্ষিতে কার্যক্রম গ্রহণ।

সূত্র: টেকনিক্যাল কমিটির গত ০৮ আগস্ট তারিখে অনুষ্ঠিত সভার আলোচনা।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গত ০৮ আগস্ট, ২০১৮ তারিখ বুধবার সকাল ১০.০০ ঘটিকায় কারিগরি (বি এম সহ) ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের এম.পি.ও ভুক্তির শর্ত পূরণকৃত শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা প্রস্তুতের নিমিত্তে **Online application** ফরম চূড়ান্তকরণের জন্য গঠিত টেকনিক্যাল কমিটির এক সভা ব্যানবেইস-এ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নরূপ বিষয়সূহ আলোচনা হয়:

ক। শিক্ষা প্রতিষ্ঠানের EIIN ও একাডেমিক স্বীকৃতি ব্যতীত MPO প্রদান সম্ভব নয় বিধায় একাডেমিক স্বীকৃতির জন্য যে সকল আবেদন কারিগরি শিক্ষা বোর্ডে জমা আছে তা দ্রুত নিষ্পত্তি করতে হবে এবং স্বীকৃতি প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে EIIN নম্বর প্রাপ্তির জন্য আবেদন করতে হবে মর্মে কারিগরি শিক্ষা বোর্ড একটি অফিস আদেশ জারি করবে; এবং

খ। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮-এর ৬.১ (ঘ) অনুচ্ছেদে কামিল মাদ্রাসার প্যাটার্ন থাকায় তা **Online-এ** অন্তর্ভুক্ত হবে মর্মে ব্যানবেইস-কে অবহিত করতে হবে।

গ। আগামী ২৬/০৮/২০১৮ তারিখ হতে ১৪/০৯/২০১৮ তারিখের মধ্যে নতুন এম.পি.ও.-এর জন্য আবেদন করতে হবে। **Online-এ** এম.পি.ও ভুক্তির আবেদনের লিংক কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (টিএমইডি), কারিগরি শিক্ষা অধিদপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ব্যানবেইস, কারিগরি শিক্ষা বোর্ড এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ করতে হবে।

ঘ। জাতীয় দৈনিক পত্রিকা "The Daily New Age ও দৈনিক প্রথম আলো" এ বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করা হবে।

০২। এমতাবস্থায়, এম.পি.ও ভুক্তির শর্ত পূরণকৃত শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা প্রস্তুতের নিমিত্ত **Online application** ফরম চূড়ান্তকরণের জন্য গঠিত টেকনিক্যাল কমিটির গত ০৮ আগস্ট তারিখে অনুষ্ঠিত সভার আলোচনার প্রেক্ষিতে যে সকল শিক্ষা প্রতিষ্ঠান একাডেমিক স্বীকৃতির জন্য আবেদন করেছে কিন্তু এখনও নিষ্পত্তি করা হয়নি সে সকল আবেদনের প্রেক্ষিতে বিধি মোতাবেক জরুরীভাবে একাডেমিক স্বীকৃতি প্রদান এবং কারিগরি শিক্ষা বোর্ডের যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের EIIN নম্বর নেই সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের অনুকূলে EIIN নম্বর প্রদানের লক্ষ্যে আবেদন করার জন্য সংশ্লিষ্টদের অবহিতকরণের জরুরী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কারিগরি শিক্ষা বোর্ডকে নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

১৮-৮-২০১৮

মোহাম্মদ শহীদুল্লাহ

সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব

ফোন: ৯৫৭৫৮০৭

ফ্যাক্স: ৯৫৮৪৪৬৬

ইমেইল: asadmin1@tmed.gov.bd

বিতরণ :

- ১) সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬) মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ইস্কাটন, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশী, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮) চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বক্সী বাজার, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাদরাসা শিক্ষা অধিদপ্তর

৯৬ডব্লিউফ্রিসেন্ট বোরাক টাওয়ার, ইস্কাটন গার্ডেন রোড,

লেবেল ০৩, ৩৭/৩/এ রমনা, ঢাকা-১০০০

স্মারক নং ৫৭.২৫.০০০০.০০১.৩০.০০৮.১৭-১৭৮

তারিখ: ২৬.০৮.২০১৮ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



মো: শাহিনুর ইসলাম

সহকারী পরিচালক(প্রশাসন),  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

বিতরণ:

১. জেলা শিক্ষা অফিসার (সকল)
২. মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)
৩. অধ্যক্ষ/সুপার.....মাদরাসা,পো:.....উপজেলা.....জেলা.....
৪. অফিস কপি